

Drupal এর জন্য ইনস্টলেশন পত্র

স্পোকেন টিউটোরিয়াল দল

আই আই টি বোসে

1- উবুন্টু লিনাক্স এবং উইন্ডোজ অপারেটিং সিস্টেমে **Drupal** সংস্থাপিত করার কার্যপ্রণালী

1. সংস্থাপন পদ্ধতি অনুসরণ করতে, আপনার ইন্টারনেটের সাথে যুক্ত থাকা প্রয়োজন।
2. **Installation of Drupal** টিউটোরিয়ালটি খুঁজুন।
3. এই টিউটোরিয়ালটি উইন্ডোজ এবং লিনাক্স অপারেটিং সিস্টেমে **Bitnami Drupal Stack** ব্যবহার করে **Drupal 8** এর সংস্থাপন ব্যাখ্যা করে।
4. 0.57 এ টিউটোরিয়ালটি মৌলিক প্রয়োজনীয় হার্ডওয়্যার উল্লেখ করে। নিশ্চিত করুন যে আপনার কাছে সঠিক কনফিগারেশন মেশিন রয়েছে।
5. 1.15 এ টিউটোরিয়ালটি উল্লেখ করে যে **Bitnami Drupal Stack** এর জন্য সামঞ্জস্যপূর্ণ অপারেটিং সিস্টেম কি।
6. 1.47 এ টিউটোরিয়ালটি **Bitnami** ওয়েবসাইট থেকে **Bitnami Drupal Stack** কিভাবে ডাউনলোড করে তা ব্যাখ্যা করে।
7. 3.20 এ টিউটোরিয়ালটি প্রদর্শন করে যে উইন্ডোজ এবং লিনাক্স অপারেটিং সিস্টেমে **Drupal 8** কিভাবে সংস্থাপিত করে।
8. 6.57 এ টিউটোরিয়ালটি **Drupal 8** ইতিমধ্যে উবুন্টু লিনাক্স সিস্টেমে সংস্থাপিত হয়ে থাকলে এটি কিভাবে খোলে তা ব্যাখ্যা করে।
9. 7.27 এ টিউটোরিয়ালটি **Drupal 8** ইতিমধ্যে উইন্ডোজ সিস্টেমে সংস্থাপিত হয়ে থাকলে এটি কিভাবে খোলে তা ব্যাখ্যা করে।
10. আপনি আপনার মেশিনে **Drupal 8** খুলতে সক্ষম হলে, এর মানে হল **Drupal** সফলভাবে সংস্থাপিত হয়েছে।
11. **Side-by-side** মেথড ব্যবহার করে অনুশীলন করতে, ওয়েব ব্রাউজারে থাকা ভিডিও এর আকার পর্দার বাম অর্ধকাংশে বিন্যস্ত করুন। ডান অর্ধকাংশে **Drupal** ওয়েবপৃষ্ঠা যুক্ত ওয়েব ব্রাউজার খুলুন এবং সেটি মানানসই করুন।